

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটির অক্টোবর/ ২০২২ মাসে সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোছাঃ পারুল বেগম

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, নবাবগঞ্জ, দিনাজপুর।

তারিখঃ ১৬.১০.২০২২খ্রি.

সময়ঃ ১১.১৫ ঘটিকায়।

আলোচ্য বিষয় সমূহঃ

১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

২। উপজেলার বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি পর্যালোচনা

৩। বিবিধ


সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট “ক” তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানোর জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নবাবগঞ্জ দিনাজপুরকে অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তাতে কোন সংশোধনী না থাকায় দৃঢ়করণ করা হয়।

এ পর্বে বর্তমান মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত পরিস্থিতি নিয়ে আলোচনা শুরু হয়। আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন সম্পর্কিত বিষয় সমূহ নিয়ে উল্লেখ করা হলোঃ

ক্রঃনং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১. <u>ভিজিডি সংক্রান্ত:</u>	২০২২-২০২৩ অর্থবছর হতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির নাম পরিবর্তন পূর্বক “ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম” নামকরণ করা হয়েছে। এখন থেকে সকল ক্ষেত্রে ‘ভিজিডি’ নামের পরিবর্তে ভিডব্লিউবি লিখিত ও পঠিত বলে গণ্য হবে। নবাবগঞ্জ উপজেলায় ভিডব্লিউবির সেপ্টেম্বর/২০২২খ্রি. মাসের চাল বিতরণ সমাপ্ত এবং অক্টোবর/২০২২খ্রি. মাসের চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে।	বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান, সকল ক্ষেত্রে ‘ভিজিডি’ নামের পরিবর্তে ভিডব্লিউবি যেন বহলভাবে প্রচারিত হয় এবং সেই সাথে ২০২১-২০২২ চক্রের ভিজিডি উপকারভোগীদের মাঝে সঠিকভাবে যেন চাল বিতরণ করা হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নবাবগঞ্জ, দিনাজপুর।
২. <u>আইজিএ প্রশিক্ষণ সংক্রান্ত:</u>	“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত)” প্রকল্পের “ফ্যাশন ডিজাইন” এবং “হস্তশিল্প+শতরঞ্জি” ট্রেডের ১ম ব্যাচ হতে ১৫তম ব্যাচ পর্যন্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২০২২ সেশনে ১৬তম ব্যাচে সকাল শিফটে দুই ট্রেডে ৫০ জন এবং বিকেল শিফটে ১৭তম ব্যাচে দুই ট্রেডে ৫০ জন করে ১০০ জনের প্রশিক্ষণ কার্যক্রম চলিতেছিলো। প্রকল্প পরিচালক, আইজিএ প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর ঢাকা মহোদয়ের স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭(অংশ-০২)-০৬৭ তারিখ: ১১ আগস্ট ২০২২খ্রি. মোতাবেক প্রশিক্ষণ ব্যয় হ্রাস করণ ও বাজেট স্বল্পতার কারণে উপজেলা পর্যায়ে জুলাই /২০২২খ্রি. হতে ১৪/৮/২০২২ তারিখ পর্যন্ত ১৭তম ব্যাচ প্রশিক্ষণ গ্রহন করে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ১৭তম ব্যাচে প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করা হয়।	বিস্তারিত আলোচনা শেষে উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জানান মহিলাদের প্রশিক্ষণ যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় এবং প্রশিক্ষণ গ্রহণ শেষে প্রশিক্ষণার্থীরা যেন আয়বর্ধক কর্মসূচিতে নিজেদের সম্পৃক্ত করতে পারে সে আশাবাদ ব্যক্ত করেন এবং সেই সাথে ১৭তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নবাবগঞ্জ, দিনাজপুর।
৩. <u>মাতৃকালীন ভাতা সংক্রান্ত:</u>	২০২২-২০২৩ অর্থ বছরের মাতৃকালীন ভাতার উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা প্রধান কার্যালয় থেকে পাওয়া যায়নি। নির্দেশনা পাওয়া গেলে পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।	উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কোন নির্দেশনা পরবর্তীতে পেলে যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নবাবগঞ্জ, দিনাজপুর।

আর কোন আলোচনা নাথাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


১৬/১০/২০২২
(মোছাঃ পারুল বেগম)

সভাপতি

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সম্পর্কিত স্থায়ী কমিটি

ও

ভাইস-চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ

নবাবগঞ্জ, দিনাজপুর।